



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/৭৬৯

তারিখ : ০৬/১২/২০১৫

বিষয় : ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রবেশপত্র আগামী ২১/০১/২০১৬ তারিখ মাধ্যমিক পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। কেন্দ্র সচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত কোন শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস চলাকালীন সময়ে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কোন ব্যক্তিকে প্রবেশপত্র গ্রহণ করার ক্ষমতা প্রদান করা যাবে না। তিনি তাঁর কেন্দ্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র ২৩/০১/২০১৬ তারিখে বিতরণ করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রবেশপত্র যাচাইপূর্বক কোন প্রকার ত্রুটি/কম/বেশি হলে সংশোধন করিয়ে নেয়ার জন্য অবশ্যই ২৪/০১/২০১৬ হতে ২৮/০১/২০১৬ তারিখের মধ্যে উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট নিম্নের ছক অনুযায়ী আবেদন পত্র জমা দিয়ে সংশোধন করিয়ে নিতে হবে। অন্যথায় পরীক্ষায় কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন।

ক্রমিক নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	রেজি: নম্বর	ভুলের বিবরণ	যা হবে

ড. শ্রীকান্ত কুমার চন্দ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

প্রাপক : কেন্দ্র সচিব

ঢাকা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০১৬

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/৭৬৯

তারিখ : ০৬/১২/২০১৫

কার্যার্থে:

১। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

২। অফিস কপি।

তপন কুমার সরকার

উপ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০০৭১